

নম্বর ৪১.০১.৭৫০৭.০০০.০২.০০১.১৮.৮৯

তারিখ ১২ বৈশাখ ১৪২৬  
২৫ এপ্রিল ২০১৯

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদফতর হতে ২০১৮-১৯ অর্থ বছরের বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্কভাতার বরাদ্দ প্রদান করা হয়েছে। ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে বর্ণিত কর্মসূচি বাস্তবায়ন নীতিমালার শর্তস্বাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগামি ৫ মে ২০১৯ খ্রি. অফিস চলাকালী সময়ের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ/চৌমুহনী পৌরসভা (পৌরসভার নাগরিকগণ)/ইউনিয়ন পরিষদ (সকল) কার্যালয়ে আবেদনপত্র গ্রহণ করা হবে। বয়স্ক ভাতার ক্ষেত্রে পুরুষ/মহিলা প্রার্থীর ক্ষেত্রে ৫০ বছরের উর্দে বয়স হতে হবে। সর্বোচ্চ বয়সের প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে এবং আবেদনের সাথে আবেদনকারীর ০৫(পাঁচ) কপি এবং নমিনির ০২(দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, নাগরিক সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, স্ব-স্ব গোষ্ঠীর পরিচয়পত্র (যদি থাকে) দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর আর কোন আবেদন গ্রহণ করা হবেনা।



২৫-৪-২০১৯

মোহাম্মদ আবুল কাশেম

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০৩২১৫১৯২৩

ফ্যাক্স: ০৩২১৫১১০৫

ইমেইল:

usso.begumganj@dss.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ২) মেয়র, চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৩) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৫) চেয়ারম্যান, ..... নম্বর..... ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী। তার ইউনিয়নের সমন্বিত আবেদনের প্রেক্ষিতে উপজেলা কমিটিকে অবহিতপূর্বক ইউনিয়ন কমিটির সভা আহ্বান করে সভায় অনুমোদিত তালিকা ০৭ মে ২০১৯ খ্রি. মধ্যে বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা খাতে .....জনকে সুপারিশসহ সভার রেজুলেশন এবং সভাপতি ও সদস্য-সচিবের স্বাক্ষরিত তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- ৬) ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৭) ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৮) অফিস কপি।